



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল সংক্রামক ব্যাধির ঝুঁকির মোকাবেলা করার জন্য বায়োডিফেন্স
বাণিজ্যিকীকরণ তহবিলের তৃতীয় রাউন্ডের অর্থ প্রদানের ঘোষণা করলেন

এখন পর্যন্ত 11টি স্টার্টআপ এবং 16টি শিক্ষা প্রতিষ্ঠানকে 25 মিলিয়ন মার্কিন ডলারের
বেশি প্রদান করা হয়েছে

রাউন্ড তিনের অর্থপ্রাপ্তদের জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার যার মনোযোগ হবে দ্রুত
এবং পয়েন্ট-অফ-কেয়ার রোগনির্ণয় ও নজরদারির সরঞ্জাম

নিউ ইয়র্ক স্টেটকে সংক্রামক ব্যাধি অনুসন্ধান ও বিকাশের ক্ষেত্রে সম্মুখসারিতে ধরে
রাখছে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটের 40 মিলিয়ন মার্কিন ডলারের বায়োডিফেন্স
বাণিজ্যিকীকরণ তহবিলের (New York State Biodefense Commercialization Fund) তৃতীয়
রাউন্ডের অর্থপ্রাপ্তদের নাম ঘোষণা করলেন। কোভিড-19 এবং এর ভ্যারিয়েন্টসহ মারাত্মক
সংক্রামক রোগের ঝুঁকি সমাধানে লাইফ সাইন্স উদ্ভাবনের বিকাশ ও বাণিজ্যিকীকরণ ত্বরান্বিত
করতে এবং একই সাথে কর্মসংস্থান সৃষ্টি করতে এবং নিউ ইয়র্কের বর্ধিষ্ণু লাইফ সাইন্স
শিল্পখাতজুড়ে অব্যাহত বিকাশকে উৎসাহিত করতে কর্মসূচিটি তৈরি করা হয়। এম্পায়ার স্টেট
ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) পরিচালনা পর্ষদের অনুমোদনের পর
এই রাউন্ডে চারটি অনুদান হিসেবে মোট 3 মার্কিন ডলার অনুদান প্রদান করার প্রতিশ্রুতি দেওয়া
হবে।

"নিউ ইয়র্কবাসী এবং ভবিষ্যৎ প্রজন্মের স্বাস্থ্য সুরক্ষিত রাখার জন্য আমরা নিশ্চিত করছি যাতে
অত্যাধুনিক সংক্রামক ব্যাধি অনুসন্ধান ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেট শীর্ষে থাকে," **গভর্নর হোকল
বলেন।** "প্রদত্ত এই অর্থ গুরুত্বপূর্ণ চাকরি ও বিনিয়োগকে আকৃষ্ট করা অব্যাহত রাখবে ফলে
আমরা দেশের সবথেকে বলীয়ান লাইফ সাইন্স ইকোসিস্টেম গঠন করা অব্যাহত রাখতে
পারবো।"

নিউ ইয়র্ক স্টেটের এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের কমিশনার এবং প্রধান নির্বাহী
কর্মকর্তা পদপ্রাপ্ত হোপ নাইট বলেন, "বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের ইতিমধ্যেই
একটি প্রভাব রয়েছে -- উদ্ভাবনী গবেষণার জন্য বাণিজ্যিকীকরণের পথ করে দেওয়া,
কর্মসংস্থান ও বিনিয়োগ তহবিল যোগ করা, এবং স্টেটে কোম্পানিসমূহকে আকৃষ্ট করা।"

তৃতীয় রাউন্ডের সুপারিশকৃত অর্থপ্রাপ্তরা হলো:

- **রোভার ডায়াগনস্টিকস (Rover Diagnostics) (ব্রায়ান ক্যাপলিন, পিএইচডি) - 1.8 মিলিয়ন মার্কিন ডলার - দ্রুত রোগনির্ণয়ের বিকাশ, সাড়াদান, এবং নজরদারির জন্য সাশ্রয়ী ও অভিযোজন যোগ্য বাস্তব সময়ের নিউক্লিয়িক এসিড অ্যাম্প্লিফিকেশন পরীক্ষা (Nucleic Acid Amplification Test, NAAT) প্ল্যাটফর্ম:** মলিকিউলার রোগনির্ণয়ের বাজারে সোয়াব সংগ্রহ ও প্রক্রিয়াজাতকরণের জন্য সর্বনিম্ন ব্যয়ে ব্যবহারযোগ্য কার্টিজ তৈরি করতে, এবং একটি উন্মুক্ত প্ল্যাটফর্ম যেখানে নতুন নিউক্লিয়িক এসিড অ্যাম্প্লিফিকেশন পরীক্ষা দ্রুত প্ল্যাটফর্মে যুক্ত করা যাবে তা তৈরিতে রোভার ডায়াগনস্টিকস এর পূর্বে প্রদর্শিত অনন্য প্রযুক্তিকে অগ্রসর করেছে। বায়োডিফেন্স গবেষকরা এবং অ্যাসে প্রস্তুতকারকরা যাতে উদীয়মান জৈব ঝুঁকির জন্য সহজেই পূর্বে প্রস্তুতকৃত কিট জড়িত করতে পারে বা সহজে ডে নভো গবেষণাগার পরীক্ষা তৈরি করতে পারে তার সমর্থনে এই সমাধান তৈরি হচ্ছে এবং এর ফলে সহজে প্রস্তুতযোগ্যতা এবং সরবরাহ চেইনের বিঘ্নের ক্ষেত্রে শক্তি বৃদ্ধি সম্ভব হবে।
- **মাউন্ট সিনাইয়ের আআইকান স্কুল অফ মেডিসিন (Icahn School of Medicine at Mount Sinai) (গ্যাং ফ্যাং, পিএইচডি) - (498,365 মার্কিন ডলার) - অ্যান্টিবায়োটিক প্রতিরোধের নির্ভুল, সংবেদনশীল এবং ব্যয়সাশ্রয়ী নজরদারি:** বর্তমান ক্লিনিক্যাল অনুশীলন এবং PCR ভিত্তিক পন্থার সাথে সংশ্লিষ্ট কাঠিন্য অবরোধ করতে, ডা: ফ্যাং এবং তার দল একটি নভেল যন্ত্র তৈরি করেছে যার উদ্দেশ্য হবে অ্যান্টিবায়োটিক প্রতিরোধের নজরদারির ক্ষেত্রে উচ্চ সংবেদনশীলতা এবং নির্দিষ্টতা উভয় অর্জন করা। দলের মনোযোগ হবে নারী এবং বয়স্কদের মধ্যে অত্যন্ত প্রাসঙ্গিক ইউরিনারি ট্র্যাক্ট ইনফেকশনে (urinary tract infection, UTI) প্রাথমিকভাবে প্রয়োগ করে এর স্কেলযোগ্যতা এবং বলিষ্ঠতা প্রদর্শন করা, যা পরবর্তীতে অন্যান্য লক্ষণের জন্য সম্প্রসারিত করা হবে।
- **কলাম্বিয়া ইউনিভার্সিটি (Columbia University) (ইয়ান লিপকিন, এম.ডি.) - (500,000 মার্কিন ডলার) - ক্যাপসেক: সংক্রামক ব্যাধির দ্রুত ডিফারেন্সিয়াল রোগনির্ণয় এবং অ্যান্টি-মাইক্রোবায়াল প্রতিরোধ (antimicrobial resistance, AMR) উপাদান সনাক্ত করার জন্য একটি সংবেদনশীল যন্ত্র:** ইনফেকশন এবং ইমিউনিটি সেন্টার (Center for Infection and Immunity) দুইটি রোগ নির্ণয় সংক্রান্ত অ্যাসে, ভিরক্যাপসেক-VERT (VirCapSeq-VERT) এবং ব্যাকক্যাপসেক (BacCapSeq), সম্মিলিত করার মাধ্যমে সংক্রামক ব্যাধির নজরদারি এবং ডিফারেন্সিয়াল রোগ নির্ণয়ের জন্য একটি শক্তিশালী, সার্বিক প্ল্যাটফর্ম তৈরি করেছে। ভিরক্যাপসেক-VERT স্তন্যপায়ী এবং পক্ষীদের মধ্যে সকল জ্ঞাত ভাইরাসকে সঙ্কট করে এবং মহামারী ঝুঁকি সৃষ্টি করে এমন উদীয়মান ভাইরাস সনাক্ত করার সক্ষমতা রাখে। ব্যাকক্যাপসেক হলো ব্যাকটেরিয়াল প্যাথোজেন সনাক্ত করার একটি কোরিলেট

সিস্টেম এবং একই সাথে এটি অ্যান্টি-মাইক্রোবায়াল প্রতিরোধ উপাদান সম্পর্কে ডেটা প্রদান করে যা সংক্রমণের প্রথম পর্যায়ে অ্যান্টিবায়োটিক নির্বাচনকে অবগত করতে পারে। এই যন্ত্রগুলি প্রয়োগের একটি ব্যাপ্তিতে অ্যাগনস্টিক মাইক্রোবায়াল নজরদারি সম্ভব করবে, যেমন ক্লিনিকাল ডায়াগনোসিস, রক্ত পণ্য স্ক্রিনিং এবং বর্জ্যপানির বিশ্লেষণ।

- **নায়াগ্রা ইউনিভার্সিটি (Niagara University) (ম্যারি ম্যাককোর্ট, পিএইচডি) - (261,488 মার্কিন ডলার) - ক্লোলেস্টোসোম প্রযুক্তি ব্যবহার করে একটি জেনারেল অ্যান্টি-ভাইরাল থেরাপিউটিকের বিকাশ:** দেহের জিঙ্ক নিয়ন্ত্রণ অবরোধ করতে ডা: ম্যাককোর্টের ল্যাব ক্লোলেস্টোসোম ক্যারিয়ার তৈরি করেছে, যার ফলে একটি সাধারণ অ্যান্টিভাইরাল সাড়া দান কার্যকর করতে সক্ষম আন্তঃকোষ ঘনত্ব সম্ভব হচ্ছে। জিঙ্ক হলো মানবদেহের একটি গুরুত্বপূর্ণ ট্রেস ধাতু, কোষ সংক্রান্ত প্রক্রিয়াসমূহের জন্য এটি জৈবিকভাবে অত্যাবশ্যকীয়, এবং বিভিন্ন ধরনের ভাইরাল প্যাথোজেনের জন্য এটি আন্তঃকোষ পুনরাবৃত্তি ধারণ করতে পারে। দলের উদ্দেশ্য হলো প্রদর্শন করা যে ক্লোলেস্টোসোম আবদ্ধ জিঙ্কের প্যাথোজেন সংক্রমণের ক্ষেত্রে রোগীর ফলাফলে ইতিবাচক প্রভাব আনা এবং ভবিষ্যতের ভাইরাল প্রাদুর্ভাব বা মহামারীর জন্য প্রস্তুতি বৃদ্ধি করার ক্ষমতা রয়েছে।

তিনটি আবেদনের রাউন্ডের মাধ্যমে, 11টি স্টার্টআপ এবং 16টি শিক্ষা প্রতিষ্ঠানকে 25.5 মিলিয়ন মার্কিন ডলারের বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিল প্রদান করা হয়েছে। 2021 সালে এর সূচনালগ্ন থেকে, বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিল বাজারে সংক্রামক ব্যাধির সমাধান নিয়ে আসতে সাহায্য করেছে, যার মধ্যে রয়েছে রোগনির্ণয়, থেরাপিউটিক্স এবং অন্যান্য উদ্ভাবন যা মারাত্মক সংক্রামক ব্যাধির বিস্তার প্রতিরোধ বা প্রশমন করে। পূর্ববর্তী বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের অর্থপ্রাপ্তরা এই কর্মসূচির ইতিবাচক অর্থনৈতিক প্রভাব প্রদর্শন করেছে, তারা 359 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বাহ্যিক অর্থায়ন নিশ্চিত করেছে, নিউ ইয়র্ক স্টেটে 22টি নতুন চাকরি তৈরি করেছে, 22টি পেটেন্ট আবেদন করেছে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health), কলাম্বিয়া ইউনিভার্সিটি (Columbia University), মাউন্ট সিনাই মেডিকেল স্কুল (Mount Sinai School of Medicine), এবং দুইটি ভেঞ্চার ফান্ডের প্রতিনিধি নিয়ে গঠিত একটি নির্বাহী কমিটি কর্তৃক বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিল পরিচালিত হচ্ছে। বায়োফার্মা শিল্পের বিশেষজ্ঞ, প্রাণ বিজ্ঞান খাতের ভেঞ্চার কমিউনিটি, ও একাডেমিক বিশেষজ্ঞদের একটি পর্যালোচনা পরিষদ জমাকৃত আবেদনগুলো পর্যালোচনা ও মূল্যায়ন করবে এবং সেগুলো সম্পর্কে ESD-কে সুপারিশ করবে। পাশাপাশি, উদ্যোক্তা সংক্রান্ত এবং বায়োফার্মাসিউটিক্যালস বিকাশ এবং বাণিজ্যিকীকরণে ব্যাপক দক্ষতাসহ 40 জনের বেশি মেন্টর অনুদানপ্রাপ্তদেরকে তাদের প্রযুক্তিকে বাণিজ্যিকীকরণের দিকে অগ্রসর করতে সহায়তা করবে।

স্টেটের কোম্পানি ও কর্মসংস্থান সৃষ্টি/ধরে রাখা এবং অতিরিক্ত ক্যাপিটাল সংগ্রহের কর্মসূচি কাজে লাগানোর মাধ্যমে স্টেটের অর্থনৈতিক বিকাশ প্রয়াসকে এই অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহ আরো

সমর্থন করবে। বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের অনুদানপ্রাপ্ত কোম্পানিসমূহকে অবশ্যই অনুদান সম্পূর্ণ হওয়ার পর কমপক্ষে তিন বছর পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে থেকে যাওয়ার এবং এখানে ব্যবসা পরিচালনা করা অব্যাহত রাখার প্রতিশ্রুতি দিতে হবে।

মারাত্মক সংক্রামক ব্যাধির ঝুঁকি প্রতিরোধ, চিকিৎসা বা প্রশমন করার জন্য সম্ভাবনাময় রোগনির্ণয়, টিকা, থেরাপিউটিক্স, এবং অন্যান্য উদ্ভাবন তৈরি করা স্টার্টআপ কোম্পানিসমূহকে সর্বোচ্চ 4 মিলিয়ন মার্কিন ডলার অনুদান পাওয়ার জন্য আবেদন করার আমন্ত্রণ জানানো হয়। লাইফ সাইন্স অগ্রসর বুদ্ধিগত সম্পত্তির গতি বৃদ্ধি করতে সাহায্য করার জন্য সর্বোচ্চ 500,000 মার্কিন ডলার পর্যন্ত অনুদানের জন্য নিউ ইয়র্কের শিক্ষামূলক গবেষণা প্রতিষ্ঠানও আবেদন করতে পেরেছে। বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিল সংক্রান্ত আরো তথ্য পাওয়া যাবে এখানে।

নিউ ইয়র্ক স্টেটের 620 মিলিয়ন মার্কিন ডলারের লাইফ সাইন্স উদ্যোগ

নিউ ইয়র্কে একটি বিশ্বমানের লাইফ সাইন্স গবেষণা ক্লাস্টারের সম্প্রসারণকে ত্বরান্বিত করা এবং একই সাথে এই গবেষণাকে বাণিজ্যিকীকরণ করার মাধ্যমে অর্থনীতির প্রবৃদ্ধি করতে স্টেটের সম্ভ্রমতাকে সম্প্রসারণের জন্য নিউ ইয়র্ক একটি 620 মিলিয়ন ডলারের উদ্যোগ প্রণীত করেছে। বহুমাত্রিক উদ্যোগটিতে রয়েছে স্টেটে নতুন লাইফ সাইন্স প্রযুক্তি আকৃষ্ট করা, উদীয়মান লাইফ সাইন্স ক্ষেত্রসমূহে অতি গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি খাতের বিনিয়োগের প্রচার করা এবং পুরো নিউ ইয়র্কে লাইফ সাইন্স সম্পর্কিত ব্যবসা ও চাকরি তৈরি ও বিস্তার করার কৌশলী কর্মসূচির জন্য 320 মিলিয়ন মার্কিন ডলার। নিউ ইয়র্ক স্টেটের লাইফ সাইন্স উদ্যোগের কৌশলগত পরিকল্পনা (Life Science Initiative Strategic Plan) এখানে পড়ুন।

লাইফ সাইন্স খাতে রয়েছে বায়োটেকনোলজি, ফার্মাসিউটিক্যালস, বায়োমেডিক্যাল প্রযুক্তি, লাইফ সিস্টেম প্রযুক্তি, এবং এতে এমন সংস্থা ও প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত আছে যেগুলি গবেষণা, উন্নয়ন, প্রযুক্তি স্থানান্তর ও বাণিজ্যিকীকরণের বিভিন্ন পর্যায়ে তাদের বেশির ভাগ প্রচেষ্টা নিয়োজিত করে। প্রতিদিন এই খাতের ফার্মগুলি নতুন মেডিক্যাল এবং ফার্মাসিউটিক্যাল উদ্ভাবন করছে যা জীবন রক্ষা করতে পারে, এটি হতে পারে নতুন থেরাপি বা ক্যান্সার বা স্নায়বিক রোগের দ্রুত সনাক্তকরণের মাধ্যমে। এইসব ফার্ম কৃষি এবং পরিবেশগত বায়োটেকনোলজির ক্ষেত্রেও উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করছে, যা অধিক পরিচ্ছন্ন ও টেকসই ভবিষ্যৎ নির্মাণে সহায়তা করছে।

উদ্যোগগুলি জোরদার করে, ফ্যাসিলিটিতে বিনিয়োগ করে, এবং প্রতিভা ও দক্ষতার উপলভ্যতা উন্নত করে, নিউ ইয়র্ক শিল্প-অর্থায়িত গবেষণা ও বিকাশে নিজের ভাগ উল্লেখজনকভাবে বৃদ্ধি করবে, বিদ্যমান একাডেমিক গবেষণার বাণিজ্যিকীকরণ সমর্থন করবে, এবং আধুনিক প্রযুক্তির পরবর্তী প্রজন্মে পদার্পণ করবে। বিজ্ঞানের অগ্রগতি ছাড়াও, উদ্যোগটি নিউ ইয়র্ককে উদীয়মান উৎপাদনভিত্তিক উদ্যোগের জন্য একটি চুম্বক হিসেবে স্থাপন করবে, আঞ্চলিক অর্থনীতিসমূহকে জোরদার কবে এবং হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টি করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)